# ‘‘কৃষক স্মার্ট কার্ড ’’ তথ্য সংগ্রহ কার্যক্রম

সম্মানিত সিলেট জেলার ১৩ টি উপজেলার ১৩টি ইউনিয়নের ১৩টি ব্লকের কৃষক-কৃষাণী ভাই ও বোনেরা, আসসালামু আলাইকুম।

একটি অত্যন্ত আনন্দের সংবাদ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের লক্ষ্যে এবং আধুনিক ও স্মার্ট কৃষির অংশ হিসেবে দেশজুড়ে ‘কৃষক স্মার্ট কার্ড’ প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে। এরই ধারাবাহিকতায়, প্রাথমিক পর্যায়ে আমাদের সিলেট জেলার ১৩ টি উপজেলার নির্দিষ্ট ইউনিয়নে ( নির্দিষ্ট ব্লকের ) কৃষকের ডিজিটাল তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে।

সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে, মোবাইল অ্যাপসের মা্যেমে ১৩ টি উপজেলায় নিম্নোক্ত ছক অনুযায়ী সরাসরি কৃষকের বাড়ি বাড়ি গিয়ে এই তথ্য সংগ্রহ করা হচ্ছে।

| ক্র.নং | উপজেলা | ইউনিয়ন | ব্লক | তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিলেটসদর | কান্দিগাও | কান্দিগাও-১ | ১৬ জুলাই থেকে ০৪ আগস্ট ২০২৬ খ্রি. পর্যন্ত |
| ২ | দক্ষিণসুরমা | জালালপুর | জালালপুর- ১ | |
| ৩ | গোয়াইনঘাট | ফতেপুর | ফতেপুর- ১ | |
| ৪ | বালাগঞ্জ | দেওয়ানবাজার | দেওয়ানবাজার - ২ | |
| ৫ | ওসমানীনগর | দয়ামীর | দয়ামীর -৩ | |
| ৬ | কোম্পানীগঞ্জ | পশ্চিম ইসলামপুর | পশ্চিম ইসলামপুর-১ | |
| ৭ | বিশ্বনাথ | অলংকারী | অলংকারী -১ | |
| ৮ | ফেঞ্চুগঞ্জ | ঘিলাছড়া | ঘিলাছড়া- ২ | |
| ৯ | গোলাপগঞ্জ | গোলাপগঞ্জ | গোলাপগঞ্জ -১ | |
| ১০ | জৈন্তাপুর | চারিকাটা | চারিকাটা-০২ | |
| ১১ | কানাইঘাট | বড়চতুল | বড়চতুল-২ | |
| ১২ | জকিগঞ্জ | জকিগঞ্জ | জকিগঞ্জ-২ | |
| ১৩ | বিয়ানীবাজার | মোল্লাপুর | মোল্লাপুর-০১ | |

স্থান: কৃষকের নিজ নিজ বাড়ি( আমাদের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ইপনাদের বাড়িতে এতে তথ্য সংগ্রহ করবেন।)

** তথ্য প্রদানের সময় যা যা প্রয়োজন হবে:

১. কৃষকের উপস্থিতি: তথ্য সংগ্রহের সময় কৃষককে সশরীরে নিজ বাড়িতে উপস্থিত থাকতে হবে।
২. জাতীয় পরিচয়পত্র (NID): কৃষকের মূল জাতীয় পরিচয়পত্র (NID Card) সাথে রাখতে হবে।
৩. নমিনি (Nominee): কৃষকের সুবিধার্থে একজন নমিনি নির্ধারণ করতে হবে। তথ্য সংগ্রহের সময় নমিনিকে তার মূল জাতীয় পরিচয়পত্রসহ (NID) সশরীরে নিজ বাড়িতে উপস্থিত থাকতে হবে।
৪. সঠিক তথ্য প্রদান: আমাদের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে আপনার কৃষি সংক্রান্ত সকল সঠিক ও নির্ভুল তথ্য দিয়ে সহযোগিতা করতে হবে।

তথ্য সংগ্রহকারী: উপসহকারী কৃষি কর্মকর্তা।

আসুন, সঠিক তথ্য দিয়ে সরকারের এই যুগান্তকারী উদ্যোগ ও নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে আমরা সবাই আন্তরিকভাবে সহযোগিতা করি। আপনার একটি সঠিক তথ্যই নিশ্চিত করবে আপনার ভবিষ্যৎ কৃষি।

ধন্যবাদান্তে
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, সিলেট।